# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-02-2025** **Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেটে ১২ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ে সম্পূর্ণ কর ছাড়ের প্রস্তাব করা হয়েছে।

প্রবীণ নাগরিকদের জন্য কর ছাড়ের উর্দ্ধসীমা ৫০ হাজার টাকা থেকে বাড়িয় ১ লক্ষ টাকা করার কথা ঘোষণা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর।

ব্যক্তিগত আয়করদাতাদের আপডেটেড রিটার্ন জমা দেওয়ার মেয়াদ ২ বছর থেকে বাড়িয়ে ৪ বছর করা হচ্ছে।

২) বীমার ক্ষেত্রে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ ৭৪ শতাংশ থেকে বাড়িয়ে ১-শো শতাংশ করা হবে।

কিষাণ ক্রেডিট কার্ডে ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণদানের সুবিধে।

৩৬-টি জীবনদায়ী ক্যান্সার ও দুরারোগ্য অসুখের ওষুধকে, পুরোপুরি সীমাশুল্ক মুক্ত করা হলো।

৩) এমএসএমই-র ক্ষেত্রে ঋণ গ্যারান্টির পরিমাণ ৫ কোটি থেকে বেড়ে ১০ কোটি টাকা হচ্ছে। স্টার্টাপের ক্ষেত্রে তা ১০ কোটি থেকে হচ্ছে ২০ কোটি টাকা।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবারের বাজেট প্রস্তাবকে স্বাগত জানিয়েছেন।

অন্যদিকে, বিরোধীরা বাজেটের সমালোচনা করেছে।

৫) নবম দুয়ারের সরকার কর্মসূচীর শেষ দিনে রাজ্যজুড়ে আজ ১২ হাজার ৪৪৬-টি শিবিরের আয়োজন করা হয়।

৬) মহাকুম্ভে এরাজ্যের পুন্যার্থীদের সহায়তায় রাজ্য সরকার ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম চালু করেছে।

৭) উত্তরাখন্ডের দেরাদুনে জাতীয় গেমসে বাংলা আজ একটি রুপো ও দুটি ব্রোঞ্জ পদক জয় করেছে।

oooooooooooooooooooooo

২০২৫-২৬ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেটে মধ্যবিত্তকে স্বস্তি দিয়ে **১২** লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ে সম্পূর্ণ কর ছাড় দেওয়া হয়েছে।

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় এই বাজেট প্রস্তাব পেশ করে বলেন, সরকার কর মেটানোর ব্যবস্থা সরলীকরণে যে **বিবাদ সে বিশ্বাস** প্রকল্পের সূচনা করেছিল, সাধারণ মানুষের মধ্যে তা যথেষ্ট সাড়া ফেলেছে ।

উন্নয়নে মধ্যবিত্তের ভূমিকা অপরিসীম বলে উল্লেখ করে অর্থমন্ত্রী জানান, তাদের করের বোঝা কমাতে **১২** লক্ষ টাকা পর্যন্ত কোনো আয়কর দিতে হবে না। বেতনভুক্ত কর্মীদের স্টান্ডার্ড ডিডাকশন সহ এই অঙ্ক **১২** লক্ষ ৭৫ হাজার টাকা। কর কাঠামো সম্পর্কে বিস্তারিত জানিয়ে অর্থমন্ত্রী বলেন,

(বাইট – অর্থমন্ত্রী)

( চার লক্ষ টাকা পর্যন্ত ব্যক্তিকে করের আওতার বাইরে রাখা হচ্ছে। ৪ থেকে ৮ লক্ষ পর্যন্ত ৫ শতাংশ, ৮ থেকে ১২ পর্যন্ত ১০ শতাংশ, ১২ থেকে ১৬ লক্ষ পর্যন্ত আয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ, ১৬ থেকে ২০ লক্ষ টাকার আয়ে ২০ শতাংশ, ২০ থেকে ২৪ লক্ষ আয়ের ক্ষেত্রেপর্যন্ত ২৫ শতাংশ এবং ২৪ থেকে ৩০ লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ের জন্য ৩০ শতাংশ কর দিতে হবে। )

প্রবীণ নাগরিকদের জন্য ট্যাক্স ডিডাকশন লিমিট বা কর ছাড়ের ঊর্দ্ধসীমা ৫০ হাজার থেকে বাড়িয়ে এক লক্ষ টাকা করার কথাও ঘোষণা করেন অর্থমন্ত্রী।

পরোক্ষ করের ক্ষেত্রে ৭ ধরনের ট্যারিফ রেট তুলে নেওয়া হচ্ছে।

রাজস্ব ঘাটতির হার মোট অভ্যন্তরীণ উৎপাদন জিডিপির ৪ দশমিক ৪ শতাংশ হবে বলেও তিনি জানান।

ব্যক্তিগত আয়করদাতাদের আপডেটেড রিটার্ন জমা দেওয়ার মেয়াদ ২ বছর থেকে বাড়িয়ে ৪ বছর করা হচ্ছে।

আগামী সপ্তাহে নতুন আয়কর বিল পেশ করা হবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

এবারের বাজেটে ১০ টি মূল ক্ষেত্রের ওপর জোর দেওয়া হয়েছে। আত্মনির্ভরতা বাড়িয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই বাজেট বলে উল্লেখ করেন অর্থমন্ত্রী।

বিকাশের ক্ষেত্রে **কৃষিকে** বৃদ্ধির মূল চালিকা শক্তি হিসাবে উল্লেখ করে নির্মলা সীতারমণ বলেন, মধ্যবিত্ত সম্প্রদায়ের ব্যয় নির্বাহের ক্ষমতা বাড়ানোর জন্য সরকার চেষ্টা চালিয়ে যাবে। কৃষি উৎপাদন বাড়ানোর জন্য ফসল বৈচিত্র্যে বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে।

**গ্রামীণ অর্থনৈতিক** বিকাশে মহিলা, দরিদ্র এবং প্রান্তিকতম কৃষকদের ভূমিকাকে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, শাকসব্জী এবং ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য অন্তর্ভুক্তি মূলক প্রকল্পের ওপর জোর দিচ্ছে সরকার।

কৃষকদের আয় বাড়ানোর লক্ষ্যে ফাইফ এফ ভিশনকে উৎসাহিত করা হচ্ছে। এখন থেকে কিষাণ ক্রেডিট কার্ডে ৫ লক্ষ টাকা পর্যন্ত মিলবে ঋণ।

(বাইট – অর্থমন্ত্রী)

অর্থমন্ত্রী তাঁর বাজেট প্রস্তাবে প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনার সূচনার কথাও উল্লেখ করেন। ১০০-টি কম উন্নয়নশীল কৃষি জেলাকে এতে অন্তর্ভুক্ত করার ফলে লাভবান হবেন এক কোটি ৭ লক্ষ কৃষক। ডাল উৎপাদনে স্বনির্ভরতার লক্ষে মাসকলাই, অড়হড় এবং মসুর ডাল চাষে জোর দেওয়া হচ্ছে। ৬ বছর মেয়াদের একটি বিশেষ মিশনেরও ছাড়পত্র দিয়েছে সরকার। কাপাস তুলো উৎপাদনের উন্নয়নে চালু হচ্ছে বিশেষ মিশন।

সরকারি ব্যাঙ্কগুলির জন্য তৈরি হবে বিশেষ ক্রেডিট স্কোর নিরূপন ব্যবস্থা। কেওআইসি প্রক্রিয়াকে সরল করতে বিশেষ পদক্ষেপ নিচ্ছে সরকার।

বীমা ক্ষেত্রে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ ৭৪ শতাংশ থেকে বাড়িয়ে ১০০ শতাংশ করা হবে।

(বাইট – অর্থমন্ত্রী বীমা)

এমএসএমই-র ক্ষেত্রে ঋণ গ্যারান্টির পরিমাণ ৫ কোটি থেকে বেড়ে ১০ কোটি করা হচ্ছে। স্টার্ট আপের ক্ষেত্রে এই হার ১০ কোটি থেকে বেড়ে হচ্ছে ২০ কোটি। সঠিকভাবে নির্দিষ্ট সময়ে ঋণের অর্থ মেটালে এমএসএমই গুলিকে ২০ কোটি টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে।

৫ লক্ষ মহিলা, তপশিলি জাতি, উপজাতির শিল্পোদ্যোগীদের জন্য নতুন প্রকল্প ঘোষণা করা হয়েছে।

বাজেট প্রস্তাবে অর্থমন্ত্রী জানান, লিথিয়াম আয়ন ব্যাটারি সহ বেশ কয়েকটি সামগ্রীর ওপর কর ছাড় দেওয়া হবে। এর ফলে দাম কমবে মোবাইলের ব্যাটারির। এলসিডি, এলইডি, টিভি তৈরিতে উৎসাহ দিতে ছাড়ের ঘোষণা সরকারের। জাহাজ নির্মাণে কাঁচা মালের ওপর ছাড়ের পরিমাণ বাড়ানো হয়েছে।

অঙ্গনওয়ারি কেন্দ্রগুলির মাধ্যমে প্রসূতী মা এবং শিশুর যত্নে বিশেষ নজর দিতে অঙ্গনওয়ারি অ্যান্ড পোষণ টু পয়েন্ট জিরোর সূচনা করছে সরকার।

(বাইট- প্রসূতি মহিলা)

দেশের প্রতিটি জেলা সরকারি হাসপাতালে ক্যান্সার সেন্টার খোলা হবে। আগামী তিন বছরে তৈরি করা হবে ২০০ টি ডে কেয়ার সেন্টার। ৩৬ টি জীবনদায়ী ক্যান্সার ও দুরারোগ্য অসুখের ওষুধকে পুরোপুরি সীমা শুল্ক মুক্ত করা হল।

(বাইট – অর্থমন্ত্রী)

(৬ টি ওষুধকে পাঁচ শতাংশ শুল্ক তালিকায় নিয়ে আসা হয়েছে। এখন থেকে রোগীরা আরও ৩৭ টি ওষুধ এবং ১৩ টি রোগী সহায়তার সুবিধা বিনামূল্যে পাবেন।)

দেশের মেডিকেল কলেজ গুলিতে আগামী বছর আরও ১০ হাজার আসন বাড়ানো হবে। ৫ বছরে এই সংখ্যা বাড়বে ৭৫ হাজার।

বাজেট প্রস্তাবে অর্থমন্ত্রী বলেন, গ্রামীণ, সরকারী ও মাধ্যমিক স্কুল এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ব্রডব্যান্ড পরিষেবা দেবে সরকার। দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দিতে খোলা হবে পাঁচটি জাতীয় উৎকর্ষ কেন্দ্র।

আগামী ৫ বছরে সরকারি স্কুলে ৫০ হাজার **অটল টিঙ্কারিং** ল্যাব খোলার কথাও ঘোষণা করেন তিনি।

এক কোটি গিগওয়ার্কারদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পের ঘোষণা করা হয়েছে। তাদের আইডেন্টিটি কার্ড দেওয়া হবে। পিএম জন আরোগ্য যোজনার সুবিধা পাবেন তারা। নাম নথিভুক্ত করা হবে ই শ্রম পোর্টালে।

নতুন পরিকল্পনায় ১০ লক্ষ কোটি টাকার বিনিয়োগের জন্য সম্পত্তির বিলগ্নিকারী প্রকল্পের সূচনা করা হচ্ছে। পরিকাঠামো ক্ষেত্রে সংস্কারে রাজ্যগুলিকে আগামী ৫০ বছরের জন্য দেড় লক্ষ কোটি টাকা সুদ মুক্ত ঋণ দেওয়া হবে।

১শো শতাংশ লক্ষ্য পূরণের জন্য জল জীবন মিশনের সময়সীমা ২০২৮ সাল পর্যন্ত বৃদ্ধি করা হচ্ছে।

বিদ্যুত বন্টনের উন্নতির স্বার্থে রাজ্যগুলিকে বিশেষ উৎসাহ দেওয়া হবে। ২০ হাজার কোটি টাকার পরমাণু শক্তি মিশন চালু করা হবে।

প্রযুক্তিগত গবেষণার জন্য পি এম রিসার্চ ফেলোশিপের অধীনে আইআইটি এবং আইআইএসসি-তে ১০ হাজার ফেলোশিপ দেওয়া হবে। খাদ্য এবং পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে ১০ লক্ষ জার্ম প্লাজম সহ দ্বিতীয় জিন ব্যাঙ্ক খোলা হবে বলেও অর্থমন্ত্রী বাজেট প্রস্তাবে ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবারের বাজেট প্রস্তাবকে স্বাগত জানিয়েছেন। এই বাজেট সাধারণ মানুষের কল্যাণের লক্ষ্যে তৈরি করা হয়েছে মন্তব্য করে তিনি এতে কৃষি এবং উৎপাদন ক্ষেত্রের ওপর জোর দেওয়ায় সন্তোষ ব্যক্ত করেন।

বিভিন্ন মহল থেকেও সাধারণভাবে এই বাজেটকে স্বাগত জানানো হয়েছে।

বিজেপি কেন্দ্রের এই বাজেটকে সাধারণ দরিদ্র মানুষ, কৃষক, মহিলা ও যুব সমাজের স্বার্থ উপযোগী বলে দাবি করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ দিল্লিতে সাংবাদিকদের বলেন, ১২ লক্ষ টাকা পর্যন্ত আয়ে কর ছাড় দিয়ে মধ্যধ্যবিত্তদের যে সুবিধা দেওয়া হয়েছে তারফলে উপকৃত হবে বহু পরিবার।

বিজেপি বিধায়ক এবং অর্থনীতিবিদ অশোক লাহিড়ী বলেন, বিশ্বব্যাপী মন্দার বাজারে যে বাজেট প্রস্তাব শ্রীমতি সীতারামন আজ করেছেন, তা দেশকে আত্মনির্ভরতার পথে এগিয়ে দেবে।

(বাইট - অশোক লাহিড়ী)

বিরোধীরা বাজেটের সমালোচনা করেছে। মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র অভিযোগ করেছেন, এই বাজেটে যুব সমাজ, মহিলা ও কৃষকদের স্বার্থ উপেক্ষিত হয়েছে।

তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী বলেছেন, বাংলাকে বঞ্চনা করা হয়েছে বাজেটে।

(বাইট – অভিষেক)

প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ অধীররঞ্জন চৌধুরী বলেছেন, বাজেটে কর্ম সংস্থানের কোন দিশা নেই, এর মূল লক্ষ্য নির্বাচন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও দাবি করেছেন, এই বাজেট অর্থনৈতিক ভারসাম্যের মধ্যে পড়ে না। একে তিনি দিশাহীন বলে আখ্যা দেন।

(বাইট – শুভঙ্কর)

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, বাজেটে স্বাস্থ্য ও শিক্ষার দিকে নজর দেওয়া হয়নি। দলের নেতা সুজন চক্রবর্তীও এই বাজেটকে জন স্বার্থ বিরোধী বলে দাবি করেছেন।

(বাইট – সুজন)

এস ইউ সি আই কমিউনিষ্টও বাজেট সম্পূর্ণ জন বিরোধী বলে মন্তব্য করেছে।

শিল্প ও বণিক মহল অবশ্য বাজেটকে স্বাগত জানিয়েছে।

ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি এন জি খৈতান বলেন, কর্পোরেট ট্যাক্সের জন্য সেভাবে কিছু ঘোষণা না করা হলেও এমএসএমই ক্ষেত্রের বিকাশে একাধিক প্রস্তাব এবারের বাজেটে রয়েছে, যা শিল্পোন্নয়নের পক্ষে অনুকুল।

(বাইট – খৈতান)

চিকিৎসক মহলও বাজেটে আয়কর ছাড়ে খুশী। ডক্টর সঞ্জয় মুখার্জী আকাশবাণীকে বলেন,

(বাইট – ডক্টর))

oooooooooooooooo

রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে দ্রুত পৌঁছে দিতে নবম দুয়ারে সরকার কর্মসূচি আজ শেষ হল। শেষ দিনে রাজ্যজুড়ে ১২ হাজার ৪৪৬ টি শিবিরের আয়োজন করা হয়।

গত ২৪ শে জানুয়ারি থেকে শুরু হওয়া এই কর্মসূচিতে আজ পর্যন্ত এক লক্ষ ৬ হাজার ৪৮০ টি শিবিরের আয়োজন করা হয় বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে যে ৩৭ টি প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য আবেদন পত্র জমা পড়েছে আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে সেগুলি খতিয়ে দেখে উপভোক্তাদের কাছে তা পৌঁছে দেওয়া হবে।

উল্লেখ্য ২০২০ সালে চালু হওয়া এই কর্মসূচিতে এখনো পর্যন্ত মোট ৭ লক্ষ ৭৫ হাজার ৪৩ টি শিবিরের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooo

মহাকুম্ভে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনার প্রেক্ষিতে এ রাজ্যের পুণ্যার্থীদের সহায়তায় রাজ্য সরকার ২৪ ঘন্টার একটি কন্ট্রোল রুম চালু করেছে। এর নম্বর হলো ০৩৩ – ২২১4 ৩৫২৬ এবং ১০৭০ । প্রয়াগরাজের মহাকুম্ভ মেলায় গিয়ে যে কোন বিপদে পড়লে রাজ্যের বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা দপ্তরের নিঃশুল্ক ওই হেল্পলাইনে যোগাযোগ করা যাবে। সরকারের পক্ষ থেকে আজ এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

উল্লেখ্য, প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হওয়ার ঘটনায় এ'পর্যন্ত রাজ্যে পাঁচজনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

গত মঙ্গলবার রাতের ওই ঘটনায় পশ্চিম বর্ধমানের জামুরিয়ার কেন্দার বাসিন্দা বছর ৪২-এর বিনোদ রুইদাস, মালদার বৈষ্ণবনগরের বাসিন্দা অমিয় সাহা এবং রামপুরহাটের বাউড়ি পাড়ার গায়ত্রী দে, কলকাতার গল্ফগ্রিনের ষাটোর্ধ বাসন্তী পোদ্দার ও পশ্চিম মেদিনীপুরের শালবনীর গোদাপিয়াশালের বাসিন্দা ৭৫ বছরের উর্মিলা ভুঁইয়ার মৃত্যুর খবর পাওয়া গেছে।

ooooooooooooooooo

রাজ্য পুলিশে আবারো কিছু রদবদল করা হয়েছে। ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এর নতুন কমিশনার হলেন অজয় কুমার ঠাকুর। এতদিন এই পদে ছিলেন আলোক রাজোরিয়া । তাঁকে রাজ্য

পুলিশের ডি আইজি ট্রাফিক করা হোলো। অন্য দিকে অজয় কুমার ঠাকুর এতদিন কারেকশনাল সার্ভিসের ডিআইজি ছিলেন। রাজ্য পুলিশের পুলিশ সুপার ট্রাফিক রাজ নারায়ন মুখার্জী কে স্টেট আর্মর্ড পুলিশ ফোর্স এর কমান্ডেন্ট করা হলো। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ।

ooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কাঁকুরগাছি-বালিগঞ্জ সেকশনে কাঁকুরগাছি ও বালিগঞ্জে ইলেকট্রনিক ইন্টারলকিং system চালুর জন্য আজ থেকে আগামী সোমবার তেসরা ফেব্রুয়ারি ভোর চারটে পর্যন্ত বেশকিছু ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হচ্ছে।

ooooooooooooooooo

এদিকে, উত্তরবঙ্গের সঙ্গে কলকাতা সহ মুর্শিদাবাদ জেলার সংযোগকারী বহরমপুরে ভাগীরথী নদী উপরে থাকা রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সেতু সংস্কারের জন্য আজ রাত থেকে ১২ ঘন্টা যান চলাচল বন্ধ থাকবে। আজ রাত বারোটা থেকে আগামীকাল বেলা বারোটা পর্যন্ত এই সেতুতে যান চলাচল বন্ধের বিজ্ঞপ্তি দিয়েছে পূর্ত দফতর। এর ফলে বহরমপুর শহর থেকে ভাগীরথী সেতুর উপর দিয়ে উত্তরবঙ্গ ও জঙ্গিপুর বা কান্দির দিকে কোনও যান চলাচল করতে পারবে না। এই পরিস্থিতিতে ট্রাফিক পুলিশ, বিকল্প রাস্তা হিসেবে বাইপাস রাস্তা ব্যবহার করে বলরামপুর হয়ে বহরমপুরে যাতায়াতের পরিকল্পনা করেছে।

ooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গণে আজ আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ও মহামেডান স্পোর্টিং মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে মোহনবাগান ২ -০ গোলে এগিয়ে।

ooooooooooooooooooo

উত্তরাখণ্ডের দেরাদুনে আজ জাতীয় গেমসে বাংলা একটি রূপো ও দুটি ব্রোঞ্জ পদক জয় করেছে। পুরুষদের ভারত্তোলোন ৮১ কে জি বিভাগে অচিন্ত শিউলি ৩১৩ কে জি ওজন তুলে রূপো জিতেছেন। শুটিং য়ে ১০ মিটার এয়ার রাইফেল মিক্সড টিম ইভেন্টে অভিনব সাউ ও ইসমিতা ভাওয়াল ব্রোঞ্জ পেয়েছেন।

পুরুষদের খো খো,য় বাংলা, কেরালাকে হারিয়ে ব্রোঞ্জ জয় করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ লিগ পর্বের শেষ ম্যাচে বাংলা, পাঞ্জাবকে এক ইনিংস ও ১৩ রানে হারিয়ে দিয়েছে। তবে ম্যাচ জিতলেও বাংলা কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জনে ব্যর্থ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০